



**চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ**  
**পরিচালক (ট্রাফিক) এর দপ্তর**

সাকুলার নং- ৬৬/২০১৭

তারিখ- ২৩/০৮/২০১৭ ইং।

**বিষয়ঃ- চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম সম্পাদনের জন্য ৭ X ২৪ ঘন্টা খোলা রাখা প্রসঙ্গে।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক চট্টগ্রাম বন্দর ও চট্টগ্রাম কাস্টম হাউস প্রতি শুক্রবার ও শনিবারসহ প্রতিদিন ২৪ ঘন্টা খোলা রাখার নির্দেশনার প্রেক্ষিতে নৌ-পরিবহন মন্ত্রণালয় এর পত্র নং-১৮.০০.০০০০.০১৬.১৬.০০১.১৫-২২৯ ও কাস্টম হাউসের পত্র নং-৬৬/২০১৭/কাস্টমস/৩২২(৪) এর মাধ্যমে সপ্তাহে শুক্র ও শনিবারসহ কাস্টম হাউস, চট্টগ্রাম আমদানী-রপ্তানী স্বাভাবিক কার্যক্রম চালুর ব্যবস্থা করা হয়েছে। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে সপ্তাহের প্রতিদিন ২৪ X ৭ ঘন্টা চট্টগ্রাম বন্দর ও কাস্টম হাউসের কার্যক্রম যাতে নির্বিঘ্নভাবে পরিচালিত হয় তার লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ নিম্নমতে ব্যবস্থা নিবেন :

১। চট্টগ্রাম বন্দরের প্রায় সকল কার্যক্রম বর্তমানে ২৪ ঘন্টা চালু থাকে। শেড অপারেশনসহ অন্যান্য সকল কার্যক্রমও ইতোমধ্যেই সপ্তাহে ৭ X ২৪ ঘন্টা চালু রাখার ব্যবস্থা নেয়া হয়েছে। এজন্য পরিচালক (ট্রাফিক) সংশ্লিষ্ট সিএফএস/শেড সমূহ ২৪ ঘন্টা খোলা রাখার ব্যবস্থা নিবেন এবং যান্ত্রিক বিভাগ প্রয়োজনীয় যন্ত্রপাতি ও পরিচালক (বিদ্যুৎ) বন্দরের বিভিন্ন শেড ও স্থাপনাসমূহে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করবেন।

২। চট্টগ্রাম বন্দর ও কাস্টম হাউসের কার্যক্রম ২৪ ঘন্টা নির্বিঘ্নভাবে চলার সুবিধার্থে কনসাইনীগণ কর্তৃক কাস্টম ডিউটি ও বন্দরের চার্জ এবং অন্যান্য চার্জ পরিশোধের সুবিধার্থে সংশ্লিষ্ট ব্যাংকসমূহ চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে তাদের নিজ নিজ বুথসমূহ সার্বক্ষণিকভাবে খোলা রাখার জন্য বিশেষ ব্যবস্থা গ্রহন করবেন। একইভাবে কাস্টম ডিউটি ও বন্দরের চার্জ পরিশোধের সুবিধার্থে নগদ লেনদেন/পে-অর্ডার তৈরী ইত্যাদি ব্যাংকিং কার্যক্রম যাতে সার্বক্ষণিকভাবে সম্পন্ন করা যায় তার লক্ষ্যে চট্টগ্রাম মহানগরীর বিভিন্ন এলাকা বিশেষ করে আখ্য়াবাদ বাণিজ্যিক এলাকায় অবস্থিত ব্যাংকসমূহ অন্ততঃপক্ষে ০১(এক) টি ব্রাঞ্চ সপ্তাহে শুক্র ও শনিবার স্বাভাবিক সময়ের মত খোলা রাখার জন্য সংশ্লিষ্ট ব্যাংকসমূহ/বাংলাদেশ ব্যাংককে অনুরোধ জানানো হয়েছে।

৩। সংশ্লিষ্ট আমদানীকারক/সিএন্ডএফ ২৪ X ৭ ঘন্টা চট্টগ্রাম বন্দরের স্বাভাবিক কার্যক্রম সপ্তাহে শুক্র ও শনিবার সহ কাস্টম হাউসের সার্বিক কার্যক্রম ও ব্যাংকসমূহ খোলা রাখার সুবিধা গ্রহন করতঃ দিনরাত অব্যাহতভাবে (শুক্র ও শনিবার সহ) মালামাল ডেলিভারী নেবার ব্যবস্থা গ্রহন করবেন।

সুষ্ঠুভাবে বন্দর পরিচালনা, ব্যবসায়ীদেরকে, শিল্পকারখানার মালিকদের দ্রুত মালামাল আমদানী-রপ্তানী কাজে সহযোগীতার প্রদানে এগিয়ে আসার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করা যাচ্ছে।

স্বাক্ষরিত/-

পরিচালক (ট্রাফিক)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

তারিখ- ২৩/০৮/২০১৭ ইং।

নথি নং-ডিটি/শিপ/মিটিং/কাস্টম/২০১৬/১১৬৬

অনুলিপি- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) -

১। সকল সদস্য, চবক - সদয় অবগতির জন্য দেয়া গেল।

২। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, চট্টগ্রাম - সদয় অবগতির জন্য দেয়া গেল।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া হলোঃ

৩। জেলা প্রশাসক, চট্টগ্রাম, কোর্ট বিল্ডিং, চট্টগ্রাম।

৪। নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, চট্টগ্রাম অফিস, চট্টগ্রাম।

৫। পরিচালক, বিএসটিআই, জামুরী ফিল্ড, আখ্য়াবাদ, চট্টগ্রাম।